

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৯৪/২০২২-২০২৩
ময়মনসিংহ, ১০ জানুয়ারি, মঙ্গলবার ২০২৩, ২৬ পৌষ ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। শরীয়তপুরে হবে 'শেখ হাসিনা কৃষি বিশ্ববিদ্যালয়'
- ০২। প্রধানমন্ত্রীর দূরদর্শীতায় কোভিড-১৯ মোকাবিলায় সফলতা দেখিয়েছে বাংলাদেশ: সিটি মেয়র
- ০৩। ময়মনসিংহ বিভাগীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত
- ০৪। প্রতিবন্ধীরা সমাজের বোঝা নয়, আশীর্বাদ: জেলা প্রশাসক
- ০৫। ৬৫ বছরের বেশি বয়সীদের হজ পালনের নিষেধাজ্ঞা প্রত্যাহার
- ০৬। টিসিবির পণ্য বিক্রি শুরু হচ্ছে আজ

০১। শরীয়তপুরে হবে ‘শেখ হাসিনা কৃষি বিশ্ববিদ্যালয়’

শরীয়তপুরে স্থাপিত হবে ‘শেখ হাসিনা কৃষি বিশ্ববিদ্যালয়’। এ লক্ষ্যে ‘শেখ হাসিনা কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ২০২২’ এর খসড়া নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সোমবার (০৯ জানুয়ারি) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেয়া হয়েছে। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক দেশের খবর ও দৈনিক বিশ্বের মুখপত্র।

০২। প্রধানমন্ত্রীর দূরদর্শীতায় কোভিড-১৯ মোকাবিলায় সফলতা দেখিয়েছে বাংলাদেশ: সিটি মেয়র

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের মেয়র মো. ইকরামুল হক টিটু বলেছেন, ‘মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী টিকা কার্যক্রমে কোভিড-১৯ মোকাবিলায় বাংলাদেশ সফলতা দেখিয়েছে।’ সোমবার (০৯ জানুয়ারি) ময়মনসিংহের শহীদ শাহাবুদ্দিন মিলনায়তনে অনুষ্ঠিত ময়মনসিংহ সিটি কর্পোরেশনের ১৯তম কর্পোরেশন সভায় সভাপতিত্বকালে মেয়র একথা বলেন। সভায় পূর্ববর্তী ১৮তম সভার কার্যবিবরণী দৃঢ়করণ, ২০২৪-২৫ অর্থবছর হতে ২০২৮-২৯ অর্থবছর পর্যন্ত সাধারণ এসেসমেন্ট কার্যক্রম, রাজস্ব আদায় বৃদ্ধি, পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম ও অন্যান্য বিবিধ বিষয়ে আলোচনা করা হয়। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক দিনের পালা, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক দেশের খবর, দৈনিক বিশ্বের মুখপত্র ও দৈনিক হৃদয়ের বাংলা।

০৩। ময়মনসিংহ বিভাগীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত

সোমবার (০৯ জানুয়ারি) দুপুরে ময়মনসিংহ বিভাগীয় কমিশনার অফিসের সম্মেলন কক্ষে ময়মনসিংহ বিভাগীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ২য় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস। প্রধান অতিথির বক্তব্য প্রদানকালে তিনি ভেজাল খাদ্য খাওয়ালে অল্লাহর কাছে দায়ী থাকতে হবে, তাই নিরাপদ খাদ্য সরবরাহে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন। দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক দিনের পালা, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক দেশের খবর, দৈনিক বিশ্বের মুখপত্র ও দৈনিক হৃদয়ের বাংলা।

০৪। প্রতিবন্ধীরা সমাজের বোঝা নয়, আশীর্বাদ: জেলা প্রশাসক

ময়মনসিংহ জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান বলেছেন, ‘প্রতিবন্ধীরা সমাজের বোঝা নয়, তারা আমাদের আশীর্বাদ। প্রতিবন্ধীরা পিছিয়ে ছিলো, কিন্তু কালের পরিক্রমায় তারাও আজ এগিয়ে আসছে। আমরা তাদের শিক্ষিত করে তুলছি। তারা বর্তমানে মূল স্রোতধারায় আসছে।’ সোমবার (০৯ জানুয়ারি) সকালে ময়মনসিংহ নগরীর উমেদ আলী মাঠে ক্রীড়া পরিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় জেলা ক্রীড়া অফিস, ময়মনসিংহ কর্তৃক আয়োজিত বার্ষিক ক্রীড়া কর্মসূচি-২০২২-২৩ এর আওতায় অটিজম ও বুদ্ধি প্রতিবন্ধীতা বিষয়ক সচেতনতা ও ক্রীড়া আনন্দ উৎসবের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদানকালে তিনি একথা বলেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক সবুজ, দৈনিক ময়মনসিংহের কাগজ, দৈনিক দিনের পালা, দৈনিক দিগন্ত বাংলা, দৈনিক বিশ্বের মুখপত্র ও দৈনিক হৃদয়ের বাংলা।

০৫। ৬৫ বছরের বেশি বয়সীদের হজ পালনের নিষেধাজ্ঞা প্রত্যাহার

চলতি বছর বাংলাদেশ থেকে আগের কোটা অনুযায়ী ১ লাখ ২৭ হাজার ১৯৮ জন হজ পালন করতে পারবে। একই সঙ্গে ৬৫ বছরের বেশি বয়সীদের হজ পালনের নিষেধাজ্ঞা উঠিয়ে নেয়া হয়েছে। সোমবার (০৯ জানুয়ারি) সকালে সৌদি আরবে এমন শর্তে বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে হজ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব আবুল কাশেম মুহাম্মদ শাহীন সোমবার (০৯ জানুয়ারি) এ তথ্য জানিয়েছেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক সবুজ, দৈনিক দিনের পালা, দৈনিক দিগন্ত বাংলা, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক হৃদয়ের বাংলা।

০৬। টিসিবির পণ্য বিক্রি শুরু হচ্ছে আজ

সারাদেশে এক কোটি ফ্যামিলি কার্ডধারী নিম্নআয়ের পরিবারের মাঝে ভর্তুকিমূল্যে মঞ্জলবার (১৪ জানুয়ারি) থেকে পণ্য বিক্রি করবে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি)। নতুন বছরে জানুয়ারি মাসের জন্য ফ্যামিলি কার্ডধারীদের এই পণ্য বরাদ্দ দেয়া হয়েছে। সোমবার (০৯ জানুয়ারি) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে টিসিবি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ময়মনসিংহের কাগজ:** বাংলাদেশ রেলওয়ের প্রধান সমস্যাগুলো চিহ্নিত হলেও এগুলোর সমাধানে বাস্তবসম্মত পদক্ষেপ নিতে দেখা যায় না। দুর্নীতির সঙ্গে জড়িত রেলের কর্মকর্তা-কর্মচারীদের কঠোর হাতে দমন করা গেলে রেলের সঠিক অবস্থার উন্নয়ন ঘটবে, এটাই প্রত্যাশা।
- (খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** গ্রামের উন্নয়ন ছাড়া দেশের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে কর্মপরিকল্পনা বাস্তবায়নে জোর দেওয়া হয়েছে। তবে উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে কৃষি উৎপাদন যেন ক্ষতিগ্রস্ত না হয়, সেটাই প্রত্যাশা।
- (গ) **দৈনিক স্বজন:** বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)সহ বিভিন্ন প্রকল্প গ্রহণ থেকে শুরু করে বাস্তবায়নের নানা পর্যায়ে দুর্নীতির অভিযোগ রয়েছে। এসব দুর্নীতির মূলোৎপাটন করতে হলে আইনের যথাযথ প্রয়োগের পাশাপাশি নাগরিকদের মধ্যে ন্যায়-নীতিবোধ, সততা ও দেশপ্রেম জাগ্রত করার পদক্ষেপ নিতে হবে।
- (ঘ) **দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক দিগন্ত বাংলা ও দৈনিক সকালের দুনিয়া:** স্বাস্থ্যসেবা মানুষের মৌলিক প্রয়োজন। সেটি পূরণে আন্তরিক ও কার্যকর ব্যবস্থা গ্রহণের বিকল্প নেই।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। চেগুয়েভারার রোসারিও থেকে ফুটবল বিপ্লবী মেসি-ড. এম এ মোমেন (দৈনিক স্বজন)
- ০২। রাজস্ব আহরণে সংস্কার ও চ্যালেঞ্জ-ড. মোহাম্মদ আবদুল মজিদ (দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক দিগন্ত বাংলা ও দৈনিক সকালের দুনিয়া)
- ০৩। উন্নত নতুন প্রজন্মের খোঁজে- মো. আরাফাতুর রহমান শাওন (দৈনিক নিউ টাইমস)
- ০৪। মাদকের বিরুদ্ধে চাই শূন্য সহিষ্ণুতা- ইমদাদ ইসলাম (দৈনিক সবুজ)

#